দৈনিক সংবাদ

75

তারিখ ... 15 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# চালনা কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছেন শিক্ষকরা

খুলনা, ১১ই আগস্ট (জেলা বার্তা পরিবেশক)।— দাকোপ উপজেলার চালনা এম, এম কলেজের শিক্ষকবৃন্দ অভিযোগ করেছেন যে, অধ্যক্ষের দুর্নীতি ও অযোগ্যতার কারণে প্রায় দু'মাস যাবৎ কলেজে অচলাবস্থা বিরাজ করছে। অধ্যক্ষ কর্তৃক কলেজের নিজস্ব তহবিলের ৫৫ হাজার ৭শ' ৪৮ টাকা আত্মসাতের অভিযোগে ছাত্ররা দীর্ঘদিন ধরে ক্লাস বর্জন করে আসছে। সম্প্রতি তারা অধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে।

গত ৯ই আগস্ট বিকেলে স্থানীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে চালনা কলেজের শিক্ষকদের পক্ষে শিক্ষক পরিষদের সম্পাদক সঞ্জয় কুমার সাহা এক লিখিত বক্তব্যে উল্লিখিত অভিযোগ করেন।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, এই শিক্ষা প্রতিষ্ঠানের দরিদ্র শিক্ষকগণের ৩৬ মাসের বেতন বাকী। অথচ মাত্র ২০ মাসের হিসেবেই ছাত্রদের প্রদত্ত বেতনাদির অর্ধ লক্ষাধিক টাকা আত্মসাৎ করা হয়েছে। এ ব্যাপারে শিক্ষকদের পক্ষ থেকে ইতিমধ্যে পরিচালনা পরিষদের নিকট তিনটি স্মারকলিপি প্রদান করা হয়েছে। কিন্তু তারপরও অধ্যক্ষ আবদুল্লাহ ফকিরের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। বরং পরিচালনা পরিষদের সভাপতি ও নির্বাহী কর্মকর্তাসহ কোন কোন সদস্য শিক্ষকদের হুমকি প্রদর্শন করছে।

সাংবাদিক সম্মেলনে অবিলম্বে আত্মসাৎকৃত অর্থ উদ্ধার এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে সৃষ্ট অচলাবস্থার অবসান ঘটানোর জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়।